

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৮৪(আগরতলা, ১৪।০৩)
ধর্মনগর, ১৪ মার্চ, ২০১৮।

ধর্মনগরে অগ্রাধিকারের ভিত্তিতে
স্বাস্থ্য শিবির করার উদ্যোগ

ধর্মনগর মহকুমার প্রতিটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে অগ্রাধিকারের ভিত্তিতে স্বাস্থ্য শিবির করা হবে। শিবিরে ক্লোরিন ট্যাবলেট, ব্লিচিং পাউডার, জলবাহিত রোগ প্রতিরোধক ওষুধপত্র বিতরণ করা হবে। ধর্মনগরের মহকুমা শাসকের অফিস কক্ষে আয়োজিত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মহকুমা শাসক রাজেশ দাস জানিয়েছেন, স্বাস্থ্য সুরক্ষা এবং পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করতে সচেতনতামূলক প্রচার করা হবে। শুখা মরশুমে মহকুমার যেসব এলাকায় পানীয় জলের সমস্যা দেখা দিতে পারে সেই এলাকাগুলোতে ট্যাকার দিয়ে পানীয় জল সরবরাহ করা হবে। কদমতলা, কালাছড়া এবং যুবরাজনগর ব্লকের বিডিওদের নির্দেশ দেওয়া হয়েছে তারা যেন পানীয় জলের সমস্যার বিষয়ে সতর্ক নজর রাখেন।
